তারিখ 09 JAN 2016
পৃষ্ঠা ২৮ কলাম ৬

# নাগেশ্বরীতে ভুয়া বিজ্ঞপ্তি দিয়ে শিক্ষক নিয়োগের অপচেষ্টা

**নাগেশ্বরী (কুড়িগ্রাম) প্রতিনিধি**

ভুয়া বিজ্ঞপ্তি দিয়ে অবৈধভাবে শিক্ষক নিয়োগের অপচেষ্টার অভিযোগ পাওয়া গেছে। অবশেষে এলাকাবাসীর প্রতিবাদের মুখে তা বন্ধ রয়েছে। জানা গেছে, জেলা শিক্ষা কর্মকর্তা বিষয়টি তদন্ত করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন। জানা যায়, উপজেলার রায়গঞ্জ উচ্চ বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক সামাজিক বিজ্ঞান, সহকারী শিক্ষক ব্যবসায় শিক্ষা, সহকারী শিক্ষক ও সহকারী গ্রন্থাগারিক পদে একজন করে নিয়োগে গত বছরের ২৯ অক্টোবর দুটি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে। এর আগে ২২ অক্টোবর শিক্ষক নিয়োগ বন্ধে সরকার প্রজ্ঞাপন জারি করায় ম্যানেজিং কমিটি শিক্ষক নিয়োগের ক্ষমতা হারায়। ফলে প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ ওই প্রজ্ঞাপনের এক মাস আগে দুটি পত্রিকায় ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ দেখিয়ে পূর্বের আবেদনকারীদের কাছ থেকে পুনরায় আবেদন গ্রহণ করেন। অথচ ওই তারিখের পত্রিকা দুটিতে ওই বিদ্যালয়ের কোনো নিয়োগ বিজ্ঞপ্তি খুঁজে পাওয়া যায়নি। নিয়োগ বন্ধে এলাকাবাসীর পক্ষে শহিদুল ইসলাম সরকার ২১ ডিসেম্বর জেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট দফতরে লিখিত আবেদন করেন।